

শাহজালালে কাস্টমস কর্মকর্তাদের মোবাইল ব্যবহারে কড়াকড়ি

- A Monitor Desk Report

Date: 12 September, 2023



ঢাকা : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিরবচ্ছিন্ন যাত্রী সেবা নিশ্চিত করতে কাস্টমস কর্মকর্তা-কর্মচারীদের মোবাইল ব্যবহারে কড়াকড়ি আরোপ করা হয়েছে।

সোমবার (১১ সেপ্টেম্বর) ঢাকা কাস্টম হাউসের যুগ্ম-কমিশনার (হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দায়িত্বরত) মিনহাজ উদ্দিন সই করা এই আদেশ জারি করা হয়েছে।

আদেশে বলা হয়েছে, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দায়িত্বরত বিভিন্ন শিফটে কর্মরত ও কর্মচারীরা তাদের দায়িত্ব পালনকালে বিভিন্ন সময়ে মাত্রাতিরিক্ত মোবাইল ফোন ব্যবহার করছেন। ফলে বিমানবন্দরে আসা যাত্রীদের যাত্রীসেবায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং দাপ্তরিক শৃঙ্খলা বিনষ্ট হচ্ছে। এ অবস্থায়, যাত্রীদের নিরবচ্ছিন্ন যাত্রীসেবা দিতে বিভিন্ন শিফটে দায়িত্ব পালনরত বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীদের আন্তঃযোগাযোগের মাধ্যম হিসেবে মোবাইল ফোনের পরিবর্তে অফিসিয়াল ওয়াকিটকি ব্যবহার করতে বলা হয়েছে।

আরও বলা হয়েছে, তবে শিফট ইনচার্জ ও প্রটোকলের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা (মাইক ১৪) তাদের অফিসিয়াল মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন। অপরদিকে, দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারীরা কেবলমাত্র অতি জরুরি প্রয়োজনে প্রটোকল অফিসার এবং শিফট ইনচার্জের অফিসিয়াল মোবাইল ফোন থেকে যোগাযোগ করতে পারবেন।

আরও পড়ুন: [পাসপোর্ট সেবা নিতে আসা জনগণের 'উহ' শব্দটিও শুনতে চাই না : স্বরাষ্ট্রমন্ত্রী](#)

এই বিষয়ে যুগ্ম-কমিশনার মিনহাজ উদ্দিন বলেন, বিমানবন্দরে আগত যাত্রীদের সেবা দিতে আমরা সবসময় কাজ করছি। নিরবচ্ছিন্নভাবে যাত্রীসেবা আরও বাড়ানোর জন্য আমাদের এই উদ্যোগ।

